BANGLADESH TEXTILE MILLS ASSOCIATION
বাংলাদেশ টেক্সটাইল মিলস্ এসোসিয়েশন
Unique Trade Centre (Level 8), 8, Panthapath, Karwan Bazar, Dhaka-1215, Bangladesh
Phone: 48116358, 222248778, 58156619
E-mail: btmasg@gmail.com, btma2@yahoo.com, Web: www.btmadhaka.com

# সংবাদ বিজ্ঞপ্তি

## স্পিনিং সেক্টরের সমস্যা দ্রুত সমাধানে সরকারের দৃঢ় আশ্বাস; টেক্সটাইল মিল বন্ধের কর্মসূচি আপাতত স্থগিত— বিটিএমএ

গত ২৭ জানুয়ারি ২০২৬ তারিখে মাননীয় বাণিজ্য উপদেষ্টা শেখ বশীরুদ্দিন-এর সভাপতিত্বে বাণিজ্য মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে তৈরি পোশাক ও টেক্সটাইল খাতের বিদ্যমান সমস্যাসমূহ নিরসনকল্পে একটি গুরুত্বপূর্ণ সভা অনুষ্ঠিত হয়। সভায় মাননীয় বাণিজ্য উপদেষ্টা স্পিনিং সেক্টরের বিদ্যমান সমস্যাসমূহ গভীরভাবে পর্যালোচনা করেন, সমস্যার যৌক্তিকতা স্বীকার করেন এবং দেশের রপ্তানি বাণিজ্য ও শিল্পখাতে স্পিনিং শিল্পের কৌশলগত গুরুত্ব তুলে ধরেন। এ সময় তিনি সরকারের পক্ষ থেকে অতি দ্রুত সময়ের মধ্যে এসব সমস্যার কার্যকর, বাস্তবসম্মত ও ন্যায্য সমাধানে দৃঢ় অঙ্গীকার ব্যক্ত করেন।

সভায় উপস্থিত ছিলেন জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)-এর চেয়ারম্যান জনাব আব্দুর রহমান খান, বাণিজ্য সচিব জনাব মাহবুবুর রহমান, বাংলাদেশ ট্রেড অ্যান্ড ট্যারিফ কমিশনের ভারপ্রাপ্ত চেয়ারম্যান জনাব আব্দুল গফুর, অর্থ বিভাগের অতিরিক্ত সচিব মিজ রহিমা বেগম, এনবিআরের শুল্ক নীতির সদস্য জনাব মুবিনুল কবীরসহ বাণিজ্য মন্ত্রণালয়ের বিভিন্ন পর্যায়ের ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।

এছাড়াও সভায় অংশগ্রহণ করেন বাংলাদেশ টেক্সটাইল মিলস এসোসিয়েশন (বিটিএমএ)-এর সভাপতি জনাব শওকত আজিজ রাসেল, বিজিএমইএ-এর ভারপ্রাপ্ত সভাপতি জনাব সেলিম রহমান, বিকেএমইএ-এর নির্বাহী সভাপতি জনাব ফজলে শামীম এহসানসহ সংশ্লিষ্ট শিল্প সংগঠনগুলোর শীর্ষ নেতৃবৃন্দ। সভায় বিটিএমএ, বিজিএমইএ ও বিকেএমইএ-এর প্রতিনিধিরা পৃথকভাবে তাঁদের স্ব স্ব প্রস্তাবনা ও দাবীর যৌক্তিকতা উপস্থাপন করেন।

সভায় মাননীয় বাণিজ্য উপদেষ্টা পুনর্ব্যক্ত করেন যে, টেক্সটাইল ও স্পিনিং সেক্টরের বিদ্যমান সমস্যাসমূহ দ্রুততার সঙ্গে সমাধানে সরকার সম্পূর্ণরূপে বদ্ধপরিকর। এ লক্ষ্যে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের জন্য আগামী ৩ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগে সংশ্লিষ্ট সকল অংশীজনের অংশগ্রহণে একটি সমন্বয় সভা অনুষ্ঠিত হবে বলে তিনি অবহিত করেন।

এমতাবস্থায়, সরকারের সুস্পষ্ট আশ্বাস, চলমান ফলপ্রসূ আলোচনার ইতিবাচক অগ্রগতি এবং আসন্ন জাতীয় নির্বাচন ও গণভোটকে সামনে রেখে বিটিএমএ পূর্বঘোষিত কর্মসূচি অনুযায়ী আগামী ১ ফেব্রুয়ারি ২০২৬ থেকে সকল টেক্সটাইল মিল বন্ধ রাখার সিদ্ধান্ত আপাতত স্থগিত করার ঘোষণা দিচ্ছে।

একই সঙ্গে বিটিএমএ দৃঢ়ভাবে বিশ্বাস করে যে, সরকার স্পিনিং সেক্টরের বিদ্যমান সমস্যাসমূহ ন্যায্যতা, বাস্তবতা ও দ্রুততার ভিত্তিতে সমাধান করবে, যা দেশের রপ্তানি শিল্পের প্রতিযোগিতার সক্ষমতা বৃদ্ধি, কর্মসংস্থান সুরক্ষা এবং সামগ্রিক অর্থনৈতিক স্থিতিশীলতায় গুরুত্বপূর্ণ ইতিবাচক অবদান রাখবে। সরকারের পরবর্তী পদক্ষেপ ও চলমান আলোচনার অগ্রগতি পর্যালোচনা করে বিটিএমএ সময়োপযোগীভাবে পরবর্তী কর্মসূচি ঘোষণা করবে।

ধন্যবাদান্তে,

২৯/০১/২০২৬

ব্রিগেডিয়ার জেনারেল মোঃ জাকির হোসেন (অব.)
সেক্রেটারী জেনারেল

---

বিটিএমএ.বিএস.১৪৭.০০৮০

জানুয়ারী ২৯, ২০২৬

বরাবর,
প্রধান বার্তা সম্পাদক,
আপনার জনপ্রিয় দৈনিক পত্রিকা/ইলেকট্রনিক মিডিয়াতে উপরের প্রেস বিজ্ঞপ্তিটি প্রকাশ করার অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,

29.01.26

মুহাম্মদ জিয়াউর রহমান
জয়েন্ট সেক্রেটারী জেনারেল
বিটিএমএ